58

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 09 FEB 1996 ...
পৃষ্ঠা ৫ কলাম ৭

# ৮০ প্রাথমিক বিদ্যালয় সরকারীকরণের অপেক্ষায়

দেওয়ানগঞ্জ (জামালপুর) ৮ ফেব্রুয়ারি (সংবাদদাতা)।-জামালপুর জেলার দেওয়ানগঞ্জ থানার ৮০টি প্রাথমিক বিদ্যালয় সরকারীকরণের অপেক্ষায় রয়েছে। ফলে ৩২০ জন শিক্ষকের মনে হতাশা বিরাজ করছে।

থানা প্রাথমিক শিক্ষা দফতর সূত্রে জানা গেছে, দেওয়ানগঞ্জ থানার ৮টি ইউনিয়নের ৮০টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয় দীর্ঘদিন থেকে সরকারীকরণের অপেক্ষায় রয়েছে। এ সমস্ত বিদ্যালয়ের ৩২০ জন শিক্ষক বছরের পর বছর প্রায় বিনা পারিশ্রমিকে পাঠদান করে আসছেন। তাঁদের একমাত্র আশা— বিদ্যালয় সরকারীকরণের পর তাদের দুঃখ-দুর্দশা কিছুটা হলেও অবসান হবে এবং পরিবার-পরিজন নিয়ে শান্তিতে বসবাস করবেন।

জানা যায় যে, থানার ৮০টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ৬৫টি রেজিস্ট্রেশনপ্রাপ্ত ও ১৫টি রেজিস্ট্রেশনবিহীন রয়েছে। এ সমস্ত বিদ্যালয়ে প্রায় ৮ হাজার ছাত্র-ছাত্রী শিক্ষা গ্রহণ করে আসছে। রেজিস্ট্রেশনপ্রাপ্ত বিদ্যালয়ে শিক্ষকগণ প্রতিমাসে সরকার থেকে শুধুমাত্র নির্ধারিত ৫শ' টাকা ভাতা হিসাবে পাচ্ছেন। অপরদিকে রেজিস্ট্রেশনবিহীন বিদ্যালয়সমূহের শিক্ষকগণ তা হতেও বঞ্চিত রয়েছেন। সরকারীকরণের মন্থর প্রক্রিয়ার কারণে তাঁদের মনে হতাশা বিরাজ করছে।